

ইবি'র সিভিকেটে ফাজিল ও কামিল মাদ্রাসা সংক্রান্ত অর্ডিন্যান্স অনুমোদন

ইবি রিপোর্টার

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৬-০৭ শিক্ষাবর্ষের মাদ্রাসা বোর্ডের ফাজিল শ্রেণীর শিক্ষার্থীরা ডিগ্রির মান পাচ্ছে। এই শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা ফাজিল (ডিগ্রির মানপ্রাপ্ত) পাস করে কামিলে ভর্তি হলে তাদের থেকে মাস্টার্সের মান দেয়া হবে। গত শুক্রবার বিশ্ববিদ্যালয়ের ডিসি প্রফেসর ফয়েজ মোহাম্মদ সিরাজুল হকের সভাপতিত্বে সিভিকেটের ১৯৩তম সভায় ইবি'র ১১-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

ইবি'র সিভিকেটে ফাজিল

১২-এর পৃষ্ঠার পর

ও কামিল মাদ্রাসা অধিভুক্তি সংক্রান্ত অর্ডিন্যান্স, একাডেমিক অর্ডিন্যান্স ও পরীক্ষা সংক্রান্ত অর্ডিন্যান্স অনুমোদিত হয়।

সিভিকেটের সিদ্ধান্ত অনুযায়ী ২০০৬-০৭ শিক্ষাবর্ষে ফাজিল শ্রেণীতে ভর্তি হওয়া শিক্ষার্থীরা ৩ বছর মেয়াদি কোর্স সম্পন্ন করে ২০০৯ সালে চূড়ান্ত পরীক্ষায় এ মান পাবে। কামিল আগের মতই ২ বছরের কোর্স থাকবে। ২০০৬-০৭ শিক্ষাবর্ষে ৩ বছর মেয়াদি ফাজিল (পাস) ডিগ্রি কোর্সে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের শিক্ষা কার্যক্রম ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রণীত একাডেমিক কারিকুলাম দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং অনুমোদিত পরীক্ষা অর্ডিন্যান্স অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এদিকে গতকাল (শনিবার) বিশ্ববিদ্যালয়ের এক প্রজ্ঞাপনে ফাজিল ও কামিল মাদ্রাসা অধিভুক্তি সংক্রান্ত অনুমোদিত অর্ডিন্যান্স অনুযায়ী দেশের সকল ফাজিল ও কামিল মাদ্রাসা কর্তৃপক্ষকে ইসলামী বিশ্ববিদ্যালয়ে অধিভুক্তি/অধিভুক্তি নবায়ন, গভর্নিং বডি গঠনের অনুমোদন, এডহক কমিটি গঠন, একাডেমিক স্বীকৃতিসহ যাবতীয় কার্যাদি সম্পন্ন করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার জন্য বলা হয়েছে।

অনার্স প্রথম বর্ষের ক্লাস শুরু ইবি রিপোর্টার গতকাল (শনিবার) থেকে ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০০৬-০৭ শিক্ষাবর্ষের অনার্স প্রথম বর্ষের ক্লাস শুরু হয়েছে। ২০টি বিভাগের মধ্যে ১৫টি বিভাগে আনুষ্ঠানিকভাবে ক্লাস শুরু হয়েছে। বাকি ৫টি বিভাগ অর্থনীতি, আইন, ফিকহ, রাষ্ট্রনীতি ও লোক প্রশাসন এবং ব্যবস্থাপনা বিভাগ গতকাল (শনিবার) থেকে ক্লাস শুরু করতে পারেনি।